

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ আগস্ট ২০২২ খ্রি.

### চান্দগাঁও ওয়ার্ড আওয়ামী লীগ, ছাত্রলীগ ও যুবলীগের শোক দিবসের আলোচনা মেয়র বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তোলাই হোক শোক দিবসের অঙ্গিকার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাঙ্গালি জাতির ইতিহাসে ১৫ আগস্ট এক কলঙ্কজনক অধ্যায়। মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী যড়যন্ত্রকারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ মদদে ঘাতক চক্রের নির্মম বুলেটের আঘাতে ধানমন্ডির নিজ বাসভবনে শাহাদাত বরণ করেন বাঙ্গালি জাতির অবিসংবাদিত নেতা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি ছিলেন বাঙ্গালি জাতির স্বপ্নদ্রষ্টা ও মহান স্বাধীনতার রূপকার। বঙ্গবন্ধু ও বাংলাদেশ আজ অভিন্ন সত্তায় পরিণত হয়েছে। জাতির পিতাকে হারানোর শোককে শক্তিতে পরিণত করার আহ্বান জানিয়ে তিনি বলেন, তাঁর আত্মত্যাগের মহিমা এবং দীর্ঘ সংগ্রামী জীবনাদর্শ আমাদের কার্মের মাধ্যমে প্রতিফলিত করে সকলে মিলেমিশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলি জাতীয় শোক দিবসে এই হোক আমাদের অঙ্গিকার। গতকাল শনিবার বিকেলে বহুদারহাট মোড়ে চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগ, যুগলীগ ও ছাত্রলীগের উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

কাউন্সিলর মো. এসরারুল হকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন-চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান ও মহানগর আওয়ামীলীগের কোষাধ্যক্ষ মো. আবদুচ ছালাম, কাউন্সিলর মো. জাবেদ, মহানগর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দেবশীষ নাথ দেবু, কাউন্সিলর এম আশাফুল আলম, কাজী নরুল আমিন, আওয়ামীলীগ নেতা শামসুল আলম, নূরুল হুদা, মোজাহেরুল হক চৌধুরী, আলী আকবর, ফউজুল আজিম, মুন্সী মিয়া, মেজবাহ উদ্দীন, খালেদ মঈন, হাসান জামাল, ওয়াসিম চৌধুরী, নাজমুল আলম খান, রোকনুজ্জামান রোকন, শেখ খোকন, শাহাজাহান মুরাদ, দিদারুল আলম মাহফুজুর রহমান, মানিক শওকত আকবর রাশেদ, জামাল উদ্দিন প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান ও মহানগর আওয়ামীলীগের কোষাধ্যক্ষ মো. আব্দুস ছালাম বলেন, আওয়ামীলীগের ভিতরে অনেক অনুপ্রবেশকারী ঘাপটি মেরে বসে আছে, তাদের চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। তিনি আওয়ামী লীগ অঙ্গ ও সহযোগী সংগঠনের কর্মীদের সাংগঠকিক শক্তি জোরদার করে সকল যড়যন্ত্র রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

চসিকের ভ্রাম্যমাণ আদালত

অবৈধ দোকান ও স্থাপনা উচ্ছেদ

৪ ব্যক্তিকে ১১ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে পাঁচলাইশ আবাসিক এলাকা, আন্দরকিল্লা ও মোমিন রোডের উভয় পার্শ্বের ফুটপাথ দখল করে গড়ে উঠা প্রায় অর্ধশতাধিক দোকান এবং দোকানের বর্ধিত অংশ উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাথ অবৈধ দখলমুক্ত করা হয়। ফুটপাথ দখল করে দোকানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ দোকান মালিকের বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ১১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও চসিকের ভারপ্রাপ্ত প্রধান পরিচালক কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩